দৈনিক ইনকিলাব

তারিখ MAR. 17 1999

পৃষ্ঠা ৫ কলাম ৭

75

# জিয়ার নাম বাদ দেয়ার প্রতিবাদে ইসলামী ভার্সিটিতে অচলাবস্থা

ই.বি. রিপোর্টার ঃ চলতি বছরের পকেট ডাইরী থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য, উদ্দেশ্য এবং প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নাম বাদ দেয়ায় ক্যাম্পাসে অস্থিতিশীল পরিবেশ বিরাজ করছে। উক্ত বিষয়গুলো সংযোজন করার দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবির রাজনৈতিক নিষেধাজ্ঞা লংঘন করে অব্যাহতভাবে বিক্ষোভ মিছিল সমাবেশ করায় এবং প্রশাসনের একগুঁয়েমী মনোভাবের কারণে পরিস্থিতি ক্রমেই জটিল হয়ে উঠছে। শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে। গত ফেব্রুয়ারী মাস হতে ছাত্র সংগঠন ২টি উক্ত দাবী আদায়ের লক্ষ্যে বিশেষ কর্মসূচী পালন করে আসছে। ইতোমধ্যে ছাত্র ধর্মঘটও সর্বাত্মক ধর্মঘটসহ বিভিন্ন কর্মসূচী স্বতঃস্ফূর্তভাবে পালিত হওয়ার পর কর্তৃপক্ষ পরিবেশ উন্নয়ন কমিটিকে ছাত্রদলের সাথে আলোচনার দায়িত্ব দেয়। ছাত্রদলের দাবীর প্রতি সাড়া না দেয়ায় উক্ত আলোচনা ভেস্তে যায়। ফলে ছাত্রদল আবারও রাজপথে নেমেছে। আজ (মঙ্গলবার) বিশ্ববিদ্যালয় মেইনগেটে ছাত্রদল প্রতিবাদ সমাবেশ আহবান করেছে। উক্ত সমাবেশে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি হাবিব-উন-নবী সোহেল, সেক্রেটারী নাসির উদ্দিন পিন্টুসহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন।